PRICE Rs. 5/-

# শিশুভবন পত্রিকা

নেহরু চিলড্রেনস্ মিউজিয়ামের মুখপত্র
AN ORGAN OF NEHRU CHILDREN'S MUSEUM

# SISHUBHAVAN PATRIKA

খণ্ড - ৪২ ঃ সংখ্যা - ২ ঃ ২০ ফেব্রুয়ারী ২০১৭ *visit our website : www.nehrumuseum.org* **Vol- 42 : No - 2: 20 February 2017**



## যুগল শ্রীমল

### জীবনী নয় জীবনের কথা

কুড়ি বছরেরও বেশী হয়ে গেল যুগল শ্রীমল এই পৃথিবী ছেড়ে চলে গেছেন। এই কুড়ি বছরে পৃথিবী অনেকখানি বদলে গেছে। ইন্টারনেট, ফেসবুক, টুইটার, হোয়াটস অ্যাপ আমাদের চেনা জগতকে নতুন করে চিনতে শেখাচ্ছে। এই আলোর ঝলকানির মধ্যে অন্য পৃথিবীটাও যেন নিজের অস্তিত্বকে জানান দেওয়ার প্রচেষ্টায় নিরন্তর লড়াই চালিয়ে যাচ্ছে। আলো-আঁধারির এই দ্বৈরথের মধ্যে যুগল শ্রীমলের কিছু কিছু কথা এখনও এত প্রাসঙ্গিক যে শুধু একটি করে কথাই নিজের জীবনে প্রতিফলিত করতে পারলে মানুষ হিসাবে অনেকখানি উঁচুতে ওঠা যায়।

যেমন - "পেশাগত ভাবে তুই তুমি না বলে সকলকে আপনি বলুন।" ছোট্ট একটি লাইন কিন্তু কি সুদূর প্রসারী এর প্রভাব। শুধু বাংলা নয় বোধহয় গোটা ভারতবর্ষ জুড়েই পেশাভিত্তিক সম্বোধনের রেওয়াজটা আজও আছে। ফলে আজও "চা ওয়ালা" বা "মুদি দোকানী" দের সম্মান দেওয়াটা আমরা ধর্তব্যের মধ্যেই আনি না। তাই স্বাভাবিক ভাবে আমাদের সম্বোধনে চলে আসে 'তুই' বা 'তুমি।' এর ফলে আমরা নিজেদের যে কতটা অসম্মানিত করি তা আমরা নিজেও জানি না।

*এর পর দুয়ের পাতায়*



## নীতা চক্রবর্তী

দু বছর পূর্ণ হল সবার প্রিয় নীতা চক্রবর্তী পৃথিবীর মায়া ছেড়ে চলে গেছেন। তাঁর উজ্জ্বল স্মৃতি আজও সকলের মনে। তাঁর প্রতি আন্তরিক শ্রদ্ধা ও ভালবাসা জানাতে ৪ঠা ফেব্রুয়ারী অঙ্কুর-এ সুন্দর একটি সঙ্গীতানুষ্ঠান আয়োজিত হয়।

উপস্থিত দর্শকদের স্বাগত জানিয়ে অনুষ্ঠানের সূচনা করেন নেহরু চিলড্রেনস্ মিউজিয়াম-এর সচিব ইন্দ্রাণী সেনগুপ্ত।

এই অনুষ্ঠানের প্রথম পর্বে - অঙ্কুর-এর শিশু শিল্পীরা নাচে ও গানে মুখর করে তোলে দর্শকপূর্ণ প্রেক্ষাগৃহ।

দ্বিতীয় পর্বে ছিল মূল অনুষ্ঠান রবীন্দ্রসঙ্গীত ও আবৃত্তির সুপরিকল্পিত গ্রন্থনা - **"এই লভিনু সঙ্গ তব।"** সঙ্গীত পরিবেশনে রীনা শ্রীমল, মৈত্রেয়ী চক্রবর্তী, দেবীকা ভট্টাচার্য্য। আবৃত্তিতে বিজয়লক্ষী বর্মন। শিল্পীদের অনবদ্য পরিবেশনা সমগ্র অনুষ্ঠানটিকে অনন্য করে তোলে। সঙ্গে অসামান্য সহযোগিতা করেছেন বেহালায়- অম্লান হালদার , কীবোর্ডে - সুরোজিৎ দাস ও তবলায়- বিমল জানা। পরিচালনায় মৈত্রেয়ী চক্রবর্তী।

অনুষ্ঠানের পরিসমাপ্তি হল তাঁর অতি প্রিয় **"আগুনের পরশমণি ছোঁয়াও প্রাণে"** গানটি দিয়ে - দর্শক ও গায়িকাদের মিলিত উদাত্ত কণ্ঠে।

*এর পর আটের পাতায়*

*প্রথম পাতার পর*

## জীবন নয় জীবনের কথা

যুগল শ্রীমলের সঙ্গে ঘনিষ্ঠভাবে যাঁরা যুক্ত ছিলেন তাঁরা প্রত্যেকেই চেষ্টা করেছেন নিজেদের জীবনে এই কথাটিকে গ্রহণ করার। বলা বাহুল্য এটি এক ধরণের অনুশীলন। প্রতিদিন চর্চা করতে করতে বিষয়টি নিজের মধ্যে এমন প্রোথিত হয়ে যায় যে সারা জীবন ধরে যে কোনও পেশার মানুষকে প্রথম সম্বোধনে 'আপনি' বলাটা একটা অভ্যাসের মধ্যে দাঁড়িয়ে যায়। এই সম্বোধনের অপ্রত্যক্ষ ফল হিসাবে কত কাজ যে সহজ হয়ে যায় যে যাঁরা এর আস্বাদ পান নি তাঁরা বুঝতে পারবেন না।

শ্রমের মর্যাদা নিয়ে যাঁরা আক্ষেপ করেন, উপযুক্ত সম্মান নেই বলে যাঁরা অনেক কাজ করতে চান না তাঁদের দর্শনটাই পালটে যেত যদি অন্তত এই বাংলায় পেশাগত ভাবে "আপনি" বলে সম্বোধনটা শুরু করা যেত। আজ থেকে অন্তত পঞ্চাশ বছর আগে যুগলবাবু সমাজ পরিবর্তনের মূল বিষয়গুলি নিয়ে ভেবেছিলেন। ভেবেছিলেন ভাষা সমস্যা নিয়ে, অর্থনৈতিক অসাম্য নিয়ে এমনকি খেলাধূলার উন্নতি নিয়ে। ছোট ছোট বুকলেটে তাঁর সেই ভাবনাগুলিকে লিপিবদ্ধ করেছেন তারপর পাঠিয়ে দিয়েছেন শুভানুধ্যায়ীদের কাছে।

সমাজের সেই ক্ষতগুলি ক্রমশ বেড়েই চলেছে। শতবর্ষের প্রাক্কালে দাঁড়িয়ে আমরা তাই তাঁর অভাব বড় বেশী করেই অনুভব করছি।

**Thank You Donors**

Asit Tarafdar — Aloke Banerjee

Dhandhania Charitable Trust

Dr. Kalyan Mondal — Dhrubojyoti Sengupta

Education & Health Care Foundation

Jayanta Kumar Barua — Ratna Bhattacharjee


**নেহরু চিলড্রেনস্ মিউজিয়াম**

**আঁকা প্রতিযোগিতা**

৫-১৬ বছর (তিনটি বিভাগে)

নেহরু চিলড্রেনস্ মিউজিয়াম ঃ ১৪, ১৫ এপ্রিল

৫-১৮ বছর (প্রতিবন্ধীদের) ১৫ এপ্রিল

অঙ্কুর রিজেন্ট এস্টেট, যাদবপুর ঃ ১৪ এপ্রিল

প্রবেশপত্র ৩০ টাকা

৯৮৩৬৬৬৫৫৮৮/ ৯৪৩৩৫ ৩২৬৮২ /২২২৩৩৫১৭ (সোম ও মঙ্গল বাদে)


## রবীন্দ্র সদনে আনন্দ সন্ধ্যা "সৃজনী"

## ২৭ শে জানুয়ারী, ২০১৭

আনন্দ প্রকাশের সবচেয়ে বড় মাধ্যম মনে হয় নৃত্য। আদিম যুগ থেকে মানুষ তাই নৃত্যকেই বেছে নিয়েছিল জীবনের সবকটি সুখের মুহূর্ত কে ছন্দের মাধ্যমে প্রকাশ করতে। সভ্যতা যত এগিয়েছে নৃত্যভঙ্গিমা তত প্রতীকি হয়ে উঠেছে। নেহরু চিলড্রেনস্ মিউজিয়ামের এবারের "সৃজনী"র প্রেক্ষাপট ছিল আনন্দ - আনন্দধারাতে অবগাহন।

২৭শে জানুয়ারী ২০১৭ রবীন্দ্র সদনের সন্ধ্যাটি ছিল সত্যিই আনন্দময়। প্রায় চার ঘন্টার অনুষ্ঠান তবু কখনো দর্শকদের মনে হয়নি অনুষ্ঠান ছেড়ে চলে যাবার কথা, কেননা প্রথমার্ধের ছাব্বিশটি নাচের প্রতিটিই ছিল স্বয়ংসম্পূর্ণ। কুড়ি জন প্রশিক্ষকের তত্ত্বাবধানে প্রায় আড়াইশো ছাত্র-ছাত্রী অংশগ্রহণ করে এই অনুষ্ঠানে। শিল্পীদের নিখুঁত পদচারণাকে আরো বেশী উজ্জ্বল করে তুলতে যেমন ছিল সাজসজ্জার বৈচিত্র্য তেমন ছিলো আলো ও শব্দ প্রক্ষেপণের সঠিক প্রয়োগ। সবকিছু মিলেমিশেই তাই এবারের সৃজনী হয়ে উঠেছিল অনবদ্য।

সবচেয়ে বড় কথা নাচের উপযোগী গানগুলিকে কোন ধরাবাঁধা গতের মধ্যে রাখার চেষ্টা করেননি বিদ্যাসাগর একাডেমীর উপযুক্ত প্রশিক্ষকবৃন্দ। খুব সহজ ভাবেই যেমন এসেছে "তারে জমিন পর" বা " না কাটো মুঝে" তেমনই এসেছে "বাজলো ছুটির ঘন্টা" বা "মেঘের পালক।" উচ্চাঙ্গ নৃত্য "মঙ্গলা চরণে"র সঙ্গে পায়ে পায়ে নেচেছে "পঞ্চক্ষরা স্তোত্রম" বা "থিল্লানা।" সারা বছর ধরে প্রশিক্ষকগণ যতরকমের আঙ্গিক শেখানোর চেষ্টা করেছেন প্রায় সবটুকু প্রয়োগিত হয়েছে এই সন্ধ্যার অনুষ্ঠানে। দর্শকরা অবচেতন মনে তাকে অনুসরণ করে গেছেন, দীর্ঘ অনুষ্ঠান হলেও তাই কখনো তা বিরক্তির কারণ হয়ে দাঁড়ায়নি।

দ্বিতীয়ার্ধে ছিল "আনন্দে রবীন্দ্রনাথ" - একটি সময়োচিত নৃত্য আলেখ্য। শিখা মুখার্জ্জী ও সুদীপ্ত রায়-এর কণ্ঠে যখন ফুটে উঠেছে রবীন্দ্র সঙ্গীতের আনন্দময় ব্যঞ্জনাগুলি শুভাশীষ দত্ত ও রেশমা সেন-এর পরিচালনায় নৃত্যছন্দে সেগুলিই প্রকাশিত হচ্ছিল রবীন্দ্র সদন-এর প্রশস্ত মঞ্চে।

রবীন্দ্রনাথের প্রতিটি রচনাতেই আনন্দ ঘুরেফিরে এসেছে। বিশ্বসংসারের সৃষ্টির যে মূল কথা তাকেই কবি বার বার ধরতে চেয়েছেন কবিতার মাধ্যমে, গানের মাধ্যমে, আনন্দে রবীন্দ্রনাথ ও তার একটা ঝলক দেখতে পাওয়া গেল।

অনুষ্ঠানের শুরু হয়েছিল যুগ্ম অধিকর্তা প্রবাল দত্ত- এর স্বাগত ভাষণে, প্রণামী বসাক-এর সমুধুর সঞ্চালনায় সেই অনুষ্ঠান হয়েছিল বিস্তৃত আর সমাপনী বক্তব্যে সকলকে শুভেচ্ছা জানালেন অধিকর্তা সুদীপ শ্রীমল।

# রবীন্দ্রসদনে নেহরু চিলড্রেনস্ মিউজিয়াম আয়োজিত "সৃজনী ২০১৭"

















# রবীন্দ্রসদনে নেহরু চিলড্রেনস্ মিউজিয়াম আয়োজিত "সৃজনী ২০১৭"


















# রবীন্দ্রসদনে নেহরু চিলড্রেনস্ মিউজিয়াম আয়োজিত "সৃজনী ২০১৭"










# রবীন্দ্রসদনে নেহরু চিলড্রেনস্ মিউজিয়াম আয়োজিত "সৃজনী ২০১৭"










## Happy Birthday To Our Little Friends ........................ March 2017

| | | | | | |
|---|---|---|---|---|---|
| Aritro Sen | 01 | Sampurna Chattopadhyay | 12 | Abhisa Laya | 24 |
| Shree Bhadury | 01 | Ankana Ghosh | 12 | Raina Das | 25 |
| Manapriyadip Nath | 01 | Samriddhi Ghosh | 12 | Ushana Das | 26 |
| Soujanya Roy Chowdhury | 01 | Satanik Paul | 13 | Anupama Saha | 27 |
| Sreeriddha Dutta | 02 | Urjoswi Ghosh | 14 | Aishik Sarkar | 28 |
| Debanik Ghosh | 02 | Anargha Mondal | 14 | Oishi Ghosh | 30 |
| Senjuti Das | 03 | Agnibha Banerjee | 15 | Piyush Rakshit | 30 |
| Deepro Sen | 05 | Jigisha Ghosh | 18 | Aaratrika Paul | 30 |
| Srija Sen | 05 | Sromona Sengupta | 19 | Sanjabati Das | 31 |
| Sanghamitra Ghosh | 09 | Ahana Ganguly | 20 | Anandi Chanda | 31 |
| Soumyadeep Dasgupta | 09 | Aattisha Ghosh | 20 | Solanki Saha | 31 |
| | | Biswayan Saha | 21 | | |

## Summer Workshop - 2017

| Item | Date | Day & Time | Amount |
|---|---|---|---|
| Dance -- Workshop on "Odissi Nritya" *Conducted by* **Smt Nandini Ghoshal** | 16,17, 18,19 & 20th May, 2017 *(8-16yrs)* | Tuesday – Saturday 9:30am – 1:30pm | 1500/- |
| Workshop on **Craft & Creation** (Junior & Senior) *conducted by* **Anindita Mitra, Soma Saha, Subhra Patra & Indrani Barman** | 16,17,18 & 19th May, 2017 *(5-8 and 8-12 yrs)* | Tuesday – Friday 3:00pm - 6:00pm | 500/- |
| Cartoon World - Workshop on Cartoon **(Senior)** *Conducted by* Sri **Debasish Deb** | 16, 17 & 18th May, 2017 *(12-18yrs)* | Tues – Thursday 10:00am - 1:00pm | 600/- |
| Workshop on Song "[illegible]" *Conducted by* **Sri Monomoy Bhattacharya** | 16, 17 & 18th May, 2017 *(8-14yrs)* | Tues – Thursday 11:00am – 2:00pm | 600/- |
| Workshop on **Bharatnatyam** *Conducted by :* ***Smt Malabika Sen*** | 16, 17, 18 & 19th May, 2017 *(10-18yrs)* | Tuesday- Friday 2:30pm – 5:30pm | 750/- |
| Workshop on **Acting** Conducted by **Sri Debshankar Halder** | 19th May, 2017 *(10-18yrs)* | Friday 11.00am - 2:00pm | 450/- |
| Workshop on Rabindra Sangeet on "[illegible]" *Conducted by* **Smt Sraboni Sen** | 23, 24 & 25th May, 2017 *(10-16yrs)* | Tuesday-Thursday 11:00am 2:00pm | 700/- |
| Workshop on "**Human Figure Drawing** "*Conducted by* ***Sanjoy Bhowmick, Dipankar Das, Anjan Coomar, Subho Basu & Bibek Paul*** | 23, 24 , 25 & 26th May, 2017 *(7-12 and 12 1-18yrs)* | Tuesday –Friday 3:30pm – 6:30pm | 650/- |
| Cartoon World - Workshop on Cartoon **(Junior)** *Conducted by* Sri **Debasish Deb** | 23, 24 & 25th May, 2017 *(7-12yrs)* | Tuesday –Thursday 10:00am - 1:00pm | 600/- |
| Workshop on **BACHANIK** [illegible] *Conducted by* **Sri Jagannath Bose** | 23, 24 & 25th May, 2017 *(12-18yrs)* | Tuesday-Thursday. 2.30pm - 5:30pm | 550/- |
| Workshop on **Rabindra Nritya** *Conducted by :* ***Sri Suvasish Dutta*** | 23,24,25 & 26th May, 2017 *(9-14yrs)* | Tuesday- Friday 10:00am – 1:00pm | 550/- |
| Four Day Workshop on **Folk Song** *conducted by* **Kalika Prasad** | 24, 25 & 26th May, 2017 *(10-16yrs)* | Wednesday – Friday 2:30pm– 5:30p.m | 650/- |
| One Day Workshop on **Creative Drawing** Conducted by **Samir Aich** | 30th May, 2017 *(12-18yrs)* | Tuesday 11:00am – 2:00pm | 350/- |
| Workshop on **Song** *Conducted by* **Sri Saikat Mitra** | 30th May to 1st June, 2017 *(12 - 18yrs)* | Tue – Thurs 3:00pm - 6:00pm. | 600/- |
| Workshop on **Water Colour** *Conducted by* Senior Faculties of N C M | 30th May to 1st June, 2017 *(9-16yrs)* | Tue – Thurs 3:30pm - 6:30pm. | 550/- |
| [illegible] Workshop On **Creative Dance (Sr.)** *conducted by* Sri **Tarit Sarkar & Madhusmita Sarkar** | 30th May to 2nd June, 2017 *(12-18yrs)* | Tuesday – Friday 3:00pm 6:00pm | 550/- |
| Workshop on **Creative Dance** [illegible] Conducted by **Smt Kashmira Samanta** | 30th May to 2nd June, 2017 *(6-12yrs)* | Tue – Friday 11:30am – 2:30pm | 550/- |
| Three Day Workshop on [illegible] conducted by **Rupankar** | 31st May to 2nd June 2017 *(14-20yrs)* | Wed – Friday 11:00am - 2:00pm | 650/- |
| Workshop on **Mask Making** *Conducted by* **Sri Tamal Bhattacharya** | 31st May to 2nd June, 2017 *(10-16yrs)* | Wed – Friday 10:00am - 1:00pm | 500/- |
| Workshop on Recitation আবৃত্তি 'কবিতা বন্ধু হও' *Conducted by* **Smt Bijaylakshami Barman** | 31st May to 2nd June, 2017 *(6 -12yrs)* | Wed – Friday 2:30pm - 5:30pm | 550/- |
| Workshop on **Acting** "[illegible]" Conducted by **Sri Sabyasachi Chakraborty** | 1st June, 2017 *(10-18yrs)* | Thursday 11.00am - 2:00pm | 450/- |
| Workshop on **Cookery Party Time** *Conducted by* **Smt Debahuti Das** | 3rd & 4th June, 2017 *(Open to All)* | Saturday & Sunday 2:00pm-5:00pm | 400/- |
| Workshop on Song [illegible] *Conducted by* **Smt Indrani Sen** | 6, 7 & 8th June, 2017 *(12-18yrs)* | Tuesday–Thursday 2:00pm - 5:00pm | 600/- |
| Workshop on **Science** *conducted by:* **Shri Partha Pratim Roy,** *Founder Head, Center for Physics Education Research, Kol.* | 6, 7 & 8th June, 2017 *(12-18yrs)* | Tuesday–Thursday 3:30pm - 6:30pm | 650/- + 300/-Kit |
| Dance Workshop on Kathak *Conducted by* **Sri Sandeep Mallik** | 6, 7, 8 & 9th June, 2017 *(10-18yrs)* | Tuesday – Friday 3.00pm –6.00pm | 600/- |
| Workshop on **Recitation** আবৃত্তি *Conducted by* **Sri Sukumar Ghosh** | 7, 8 & 9th June, 2017 *(12-18yrs)* | Wed – Friday 2:00 - 5:00pm | 550/- |
| Workshop on Charcoal Drawing *Conducted by* **Senior Faculties of N C M** | 7, 8 & 9th June, 2017 *(12-18yrs)* | Wed – Friday 12:00noon - 3:00pm. | 500/- |

***Details at Nehru Children's Museum from 1pm. - 6pm. Ph- 2223 1551/ 4007, except Mondays & Tuesdays***

Registration No. 32737/77

# অঙ্কুর আয়োজিত "এই লভিনু সঙ্গ তব"








অঙ্কুরের শিশুশিল্পী অংশগ্রহণকারী ঃ **গান** - অরিত্র সেন, শ্রেষ্ঠা পাইন, ময়ূখ দেবনাথ, তমিস্রা নন্দী, হর্ষিল দাস, সার্থিকা দাস, অগ্নিভ ভট্টাচার্য, অরিভ শেঠ, অয়ন দাস, হিমানীশ মজুমদার, মণিদীপা সাহা, দেবজিত দাস, মেঘনা রায়চৌধুরী, শতাক্ষী মন্ডল, সায়ন্তিকা চক্রবর্তী, মেধা মন্ডল, অর্ণা চট্টোপাধ্যায়, মৌসম চক্রবর্তী, তসনিম রহমান, সমৃদ্ধি মজুমদার, অনিকেত দে ধাড়া, মেধাশ্রী সরকার

পরিচালনা - মৌমিতা রায় সাহা, বিভূতি সরকার, দেবারতি ব্যানার্জী ও শিপ্রা ব্যানার্জী।

**নাচ** - অনুশ্রিতা বণিক, অদিত্রি ধর, তনুষা গাঙ্গুলি, মনিশিতা দাস চৌধুরী, শ্রীপর্ণা মিশ্র, শ্রেষ্ঠা পাইন, সমৃদ্ধি মজুমদার, শরণ্যা চ্যাটার্জী, শেরী ধর, মেঘনা রায় চৌধুরী, দিয়া পাল, শতাক্ষী মন্ডল, অম্বিতিয়া সাহা, সায়ন্তিকা চক্রবর্তী, সমৃদ্ধি ঘোষ, অন্বেষা দাস, অনিকেত দে ধাড়া, অনুষা মিত্র।

পরিচালনায় - অলোলিকা পোদ্দার, সায়নী রায়



Editor : Prabal Dutta, Associate Editor : Indrani Sengupta, Published by Indrani Sengupta on behalf of National Cultural Association and printed at Display Printers Pvt. Ltd., 16/3 Gariahat Road, Kolkata 700 019
For further details contact : 94/1 Chowringhee Road, Kolkata 700 020